আমি    জেনে শুনে তবু ভুলে আছি, দিবস কাটে বৃথায় হে--
আমি    যেতে চাই তব পথপানে, কত বাধা পায় পায় হে ।
(তোমার অমৃত পথে,  যে পথে তোমার আলো জ্বলে সেই অভয় পথে ।)
        চারি দিকে হেরো ঘিরিছে কারা, শত বাঁধনে জড়ায় হে--
আমি    ছাড়াতে চাহি, ছাড়ে না কেন গো ডুবায়ে রাখে মায়ায় হে ।
(তারা বাঁধিয়া রাখে, তোমার বাহুর বাঁধন হতে তারা বাঁধিয়া রাখে ।)
        দাও ভেঙে দাও এ ভবের সুখ, কাজ নেই এ খেলায় হে।
আমি    ভুলে থাকি যত অবোধের মতো বেলা বহে তত যায় হে ।
(ভুলে যে থাকি, দিন যে মিলায়, খেলা যে ফুরায়, ভুলে যে থাকি ।)
        হানো তব বাজ হৃদয়গহনে, দুখানল জ্বালো তায় হে--
        নয়নের জলে ভাসায়ে আমারে সে জল দাও মুছায়ে হে ।
(নয়নজলে -  তোমার-হাতের-বেদনা-দেওয়া নয়নজলে -
প্রাণের-সকল-কলঙ্ক-ধোওয়া নয়নজলে ।)
        শূন্য করে দাও হৃদয় আমার, আসন পাতো সেথায় হে--
        তুমি এসো এসো, নাথ হয়ে বোসো, ভুলো না আর আমায় হে ।
(আমার শূণ্য প্রাণে -  চির আনন্দে ভবে থাকো আমার শূণ্য প্রাণে ।)

---

Parjaay: Puja O Prarthana, Taal: Dadra, Style: Kirtan

Visit www.geetabitan.com for notation and other detail